C

**2024/FYUG/EVEN/SEM/
BNGIDC–151T/105**

**FYUG Even Semester Exam., 2024**

# BENGALI

**( 2nd Semester )**

Course No. : BNGIDC–151T

**[ বিশ শতকের বাংলা সাহিত্য—১ ]**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## বিভাগ—'ক'

যে কোনো কুড়িটি প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

১। 'পলাতকা' কাব্যটির রচনাকাল কত?

২। 'পলাতকা'র পূর্ববর্তী কাব্যের নাম কী?

৩। 'পলাতকা' কবিতায় উল্লিখিত একটি পশুর নাম লেখো।

৪। 'মুক্তি' কবিতায় কত বছর বয়সে বধুর জীবনে বসন্তকাল এসেছে?

C



৫। 'নিষ্কৃতি' কবিতার মেয়েটির নাম কী?

৬। 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

৭। 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থ ছাড়া বিবেকানন্দের অন্য একটি গ্রন্থের নাম লেখো।

৮। বিবেকানন্দের মতে মোক্ষ মার্গের উপদেশ প্রথম কে দিয়েছেন?

৯। সমুদ্রের ধারে যারা বাস করত, তাদের অধিকাংশের জীবিকা কী ছিল?

১০। "চারিদিকে আবর্জনা রাশি—এই আমাদের বর্তমান ভারত।" 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থের কোন্ নিবন্ধে বিবেকানন্দ একথা বলেছেন?

১১। 'সাজাহান' নাটকটি কাকে উৎসর্গ করা হয়?

১২। 'সাজাহান' নাটকে দ্বিজেন্দ্রলাল পাশ্চাত্যের কোন্ নাট্যকারকে অনুসরণ করেছেন?

১৩। দারার স্ত্রীর নাম কী?

১৪। সাজাহানের কন্যার নাম কী?

১৫। ঔরঙ্গজেবের সেনাপতির নাম লেখো।

১৬। 'দত্তা' উপন্যাসে কয়টি পরিচ্ছেদ আছে?





১৭। বনমালী, জগদীশ ও রাসবিহারী কোন্ স্কুলে পড়তেন?

১৮। ব্রাহ্ম মন্দিরের পুরোহিত কে ছিলেন?

১৯। বিজয়া কার বাগ্‌দত্তা ছিল?

২০। 'দত্তা' উপন্যাসে কোন্ সন্ত্রকে উপলক্ষ্য করে বিজয়া-নরেনের প্রেম অনেকটা পরিণতি লাভ করে?

২১। 'জীবনস্মৃতি' গ্রন্থটিতে কয়টি পরিচ্ছেদ রয়েছে?

২২। কোন্ স্কুলে রবীন্দ্রনাথের শিক্ষারম্ভ হয়?

২৩। রবীন্দ্রনাথের বাড়ির অনেককালের খাজাঞ্চি কে ছিলেন?

২৪। রবীন্দ্রনাথের পিতার নাম কী?

২৫। রবীন্দ্রনাথ শিশুকালে যে শাসনকর্তার শাসনে ছিলেন তার নাম কী?

## বিভাগ—'খ'

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

২৬। 'পলাতকা' কাব্যের প্রথম কবিতার নাম কী? এই কবিতায় কে 'নিরুদ্দেশের আশে' বাইরে চলে গেছে?

২৭। "সেই তো আমার মুগ্ধ চোখের প্রথম আলো,
এই ভুবনের সকল ভালোর প্রথম ভালো।"

পংক্তিটি 'পলাতকা' কাব্যের কোন্ কবিতার অন্তর্গত? এখানে কার কথা বলা হয়েছে?

C



২৮। বাংলা গদ্যে সাধারণত কয়টি রীতির প্রচলন আছে? বিবেকানন্দ 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থে কোন্ রীতি অবলম্বন করেছেন?

২৯। বিবেকানন্দ 'ম্লেচ্ছ' ও 'কালোদাস' বলতে কাদের বুঝিয়েছেন?

৩০। 'সাজাহান' নাটকে মোট কয়টি অংক ও কয়টি দৃশ্য আছে?

৩১। "আমার হৃদয় এক শাসন জানে। সে শুধু স্নেহের শাসন।" উক্তিটি কে, কাকে করেছেন?

৩২। 'দত্তা' উপন্যাসে ব্রাহ্ম মন্দির কে এবং কোথায় প্রতিষ্ঠা করেন?

৩৩। নলিনী কে? সে কেন গ্রামে এসেছিল?

৩৪। 'জীবনস্মৃতি' গ্রন্থটি কোন্ পত্রিকায় এবং কবে প্রকাশিত হয়?

৩৫। রবীন্দ্রনাথের বাড়ির ভিতরের বাগানের যে কোনো দুটি গাছের নাম লেখো।

## বিভাগ—'গ'

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। "নিত্য ও অনিত্যের লীলার চরম ট্র্যাজেডি মানুষের জীবনে ফুটিয়া আছে। কবির এই ট্র্যাজেডির অনুভূতি, এই মানসিক দ্বন্দ্বের রূপ পাইয়াছে 'পলাতকায়'।" মন্তব্যটি আলোচনা করো।





৩৭। "মৃত্যু সমগ্র জীবনের রুদ্ধ অবস্থাকে ভেঙে মুক্তির আনন্দ ও নব জীবনের আস্বাদ দেয়।" মন্তব্যটির আলোকে 'পলাতকা' কাব্যগ্রন্থের 'মুক্তি' কবিতাটি আলোচনা করো।

৩৮। স্বামীজীর 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধ অবলম্বনে দুই সভ্যতার বৈশিষ্ট্য আলোচনা করো।

৩৯। স্বামীজীর অনুসরণে 'ধর্ম' ও 'মোক্ষ'-এর স্বরূপ বিশ্লেষণ করো।

৪০। 'সাজাহান' নাটকে ঐতিহাসিক নাটকের লক্ষণ কতটা পরিস্ফুট, আলোচনা করো।

৪১। "কেবল নারী চরিত্রগুলোর মধ্যে নয়, সমস্ত চরিত্রাবলীর মধ্যে 'সাজাহান' নাটকের জাহানারা একটি সমুজ্জ্বল অগ্নিরেখা।" এই মন্তব্যের সার্থকতা বিচার করো।

৪২। 'দত্তা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

৪৩। 'দত্তা' উপন্যাসের রাসবিহারী চরিত্রটি বিশ্লেষণ করো।

৪৪। "প্রকৃতপক্ষে 'জীবনস্মৃতি' রবীন্দ্রনাথের হয়ে ওঠার কাহিনি।" 'জীবনস্মৃতি' পাঠ্যগ্রন্থ অবলম্বনে এই মন্তব্যের সার্থকতা বিচার করো।

৪৫। " 'জীবনস্মৃতি' গ্রন্থে প্রকৃতিতন্ময় এক বালকের ছবি সুস্পষ্ট।' প্রাসঙ্গিক অংশ উল্লেখ করে রবীন্দ্রনাথের শৈশবের প্রকৃতি-মুগ্ধতার বর্ণনা দাও।

★★★



2024/FYUG/EVEN/SEM/
BNGIDC–151T/105